অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম তলা)
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
www.nbr.gov.bd
[ফ্যাক্স-০২-৯৩৪৮৫১৪, পিএবিএক্স ০২-৯৩৪৮৪৪৮,০২-৮৩২১৩০৮]

VAT Online Project

০5 JUN 2017

উপস্থাপন করুন/
ব্যবস্থা নিন।
১. অতি: কমি:
২. যুগ্ম কমি: ১/২
৩. উপ কমি: ১/২/৩
৪. বিভাগীয় কর্ম: ১/২/৩/৪/৫/৬
৫. সহঃ কমি: ১/২/৩/৪/৫/৬
৬. সাদা: কর্ম: ১/২/৩/৪/৫/৬
৭. রাজস্ব কর্ম: লিগ্যাল/নিরীক্ষা/ তদন্ত/হিসাব/.........
৮. সহঃ প্রোগ্রামার
৯. সহঃ রাঃ কর্মঃ লজি:/লিগ্যাল
১০. ব্যক্তিগত সহঃ কমি:
১১. শাখা সহ.........

নথি নং ঃ ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৪৯)/২০১৭-৮৪৬ তারিখঃ ০৪/০৬/২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় অনলাইনে পুনঃ নিবন্ধন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো। সর্বশেষ ১৬-০৫-২০১৭ খ্রিঃ তারিখে ভ্যাট কমিশনারেটসমূহ হতে সংগৃহীত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, দাখিলপত্র প্রদানকারী প্রতিষ্ঠানের সংখ্যা নিম্নরূপঃ-

| ক্রম নং | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট | দাখিলপত্র প্রদানকারী প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|
| ১ | বৃহৎ করদাতা ইউনিট, মূসক | ১৫৬ |
| ২ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী। | ১,২৭৬ |
| ৩ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। | ৩,৬১৭ |
| ৪ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। | ২,৬০০ |
| ৫ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর। | ১,৫২১ |
| ৬ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। | ৮,৯৯০ |
| ৭ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর। | ৫৫০ |
| ৮ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা। | ৪,৪৫৬ |
| ৯ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। | ৯,৮৭৮ |
| ১০ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা। | ৮৩৯ |
| ১১ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট। | ২,২৮৪ |
| ১২ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। | ৬৯১ |
| | মোট = | ৩৬,৮৫৮ |

০২। উপর্যুক্ত ছক পর্যালোচনায় দেখা যায় যে, ৮ লক্ষ ৬৪ হাজার নিবন্ধিত প্রতিষ্ঠানের মধ্যে মাত্র ৩৬,৮৫৮ (ছত্রিশ হাজার আটশত আটান্ন) টি প্রতিষ্ঠান নিয়মিত দাখিলপত্র প্রদান করে, যা শতকরা হিসেবে মাত্র ৪.২৭%। উল্লেখ্য, IVAS System এর মাধ্যমে ইতোমধ্যে ০২-০৬-২০১৭ খ্রিঃ পর্যন্ত ২৩,০০৯ (তেইশ হাজার নয়) জন করদাতা অনলাইনে নিবন্ধন গ্রহণ করেছেন, যার মধ্যে পুনঃনিবন্ধন গ্রহণ করেছেন মাত্র ৯,৭৬৮ (নয় হাজার সাতশত আটষট্টি) জন, যা শতকরা হিসেবে মাত্র ৪২.৪৫%। সার্বিক বিবেচনায় দাখিলপত্র প্রদানকারী প্রতিষ্ঠান ও অনলাইনে পুনঃনিবন্ধন গ্রহণকারী প্রতিষ্ঠান - এই উভয় ধরণের প্রতিষ্ঠানের সংখ্যা সন্তোষজনক নয়।

০৩। সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন বাস্তবায়নে ভ্যাট ব্যবস্থায় সকল কাজ অনলাইনে সম্পন্ন করার প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। ডিজিটালাইজেশনের প্রাথমিক পদক্ষেপ হিসেবে মাননীয় অর্থমন্ত্রী বিগত ২৩ মার্চ ২০১৭ তারিখে অনলাইনে ভ্যাট নিবন্ধন ব্যবস্থার উদ্বোধন করেন। আগামী ১ জুলাই ২০১৭ তারিখ থেকে নতুন ভ্যাট আইন বাস্তবায়িত হতে যাচ্ছে। ফলে, অনলাইন সিস্টেমের মাধ্যমে বিদ্যমান করদাতাদের পুনঃনিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা না হলে নতুন ভ্যাট আইন বাস্তবায়ন, রাজস্ব আদায়সহ করদাতাগণের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে বিঘ্ন ঘটতে পারে, সেজন্যে ১৫ জুন, ২০১৭খ্রিঃ তারিখের মধ্যেই মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ অনুযায়ী নিবন্ধিত করদাতাগণকে পুনঃনিবন্ধিত করতে হবে। পুনঃনিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার উদ্দেশ্যে মেলা আয়োজনসহ কমিশনারবৃন্দের বিবেচনামতে প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে, যাতে তাদের আওতাধীন নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের পুনঃনিবন্ধন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায়।

০৪। সার্বিক পরিস্থিতিতে উপর্যুক্ত বিষয়ের আলোকে কমিশনারগণকে নিম্নরূপ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) ১৫ জুনের মধ্যে আপনার প্রদত্ত তালিকা অনুযায়ী সকল দাখিলপত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নিবন্ধন সম্পন্ন করা;

(খ) দাখিলপত্র প্রদান করেননি এমন নিবন্ধিত প্রতিষ্ঠানকে পুনঃনিবন্ধন গ্রহণের জন্য উৎসাহিত করা। এ সকল ক্ষেত্রে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের নেতৃত্বে গঠিত সহায়তা কমিটির কার্যক্রমের আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

(গ) সংশ্লিষ্ট করদাতাগণকে ১লা জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখের পূর্বেই নতুন ভ্যাট বিধিমালার ফরম্যাট অনুযায়ী হিসাবপত্র (ক্রয় হিসাব পুস্তক, বিক্রয় হিসাব পুস্তক, চালানপত্র ইত্যাদি) সংরক্ষণের জন্য প্রস্তুত করা; এবং

(ঘ) প্রতিদিনের অর্জন অপরাহ্নে নিম্নের ছক অনুযায়ী ই-মেইলে প্রেরণ করা;

| প্রতিষ্ঠানের নাম | পুরাতন নিবন্ধন নম্বর | অনলাইনে গৃহীত নতুন নিবন্ধন নম্বর |
|---|---|---|
| | | |

ই-মেইল ঃ

(১) chairman@nbr.gov.bd

(২) jahangirltu@yahoo.com

(৩) pdvatonline@gmail.com

(৪) shahinur.pavel@customs.gov.bd

০৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সফল বাস্তবায়নের লক্ষ্যে কমিশনারেটসমূহের করণীয় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড একটি Checklist প্রস্তুত করেছে। Checklist (সংযুক্ত) এ বর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৬। উল্লিখিত Checklist অনুযায়ী করণীয় কার্যক্রম কমিশনারেটসমূহ কর্তৃক যথাসময়ে বাস্তবায়িত হচ্ছে কিনা তা monitoring করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে নিম্নরূপ কমিটি গঠন করা হয়েছে, যথা:

I) খন্দকার মুহাম্মদ আমিনুর রহমান, সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা) - আহবায়ক

II) ড. মোঃ আব্দুর রউফ, প্রথম সচিব (মূসক) - সদস্য

III) জনাব মুহম্মদ জাকির হোসেন, উপ প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প - সদস্য

IV) জনাব মোঃ তারেক হাসান, দ্বিতীয় সচিব (মূসক) - সদস্য সচিব।

০৭। উক্ত কমিটিকে মনিটরিং এর কাজে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

**স্বাক্ষরিত/-**
**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

**প্রাপকঃ**

০১-১২। কমিশনার, (সকল) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/কুমিল্লা/এলটিইউ (মূসক) ঢাকা।

নথি নং ঃ ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৪৯)/২০১৭-৮৪৬ তারিখঃ ০৪/০৬/২০১৭ খ্রিঃ

**অনুলিপি (সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যার্থে)**

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। খন্দকার মুহাম্মদ আমিনুর রহমান, সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। ড. মোঃ আব্দুর রউফ, প্রথম সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪। জনাব মুহম্মদ জাকির হোসেন, উপ প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প।

০৫। জনাব মোঃ তারেক হাসান, দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৭। পিএ টু সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। পিএ টু প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প।

০৪/০৬/১৭

মোঃ শাহীনুর কবীর পাভেল
উপ কমিশনার (চঃদাঃ)
ভ্যাট অনলাইন প্রকল্প

## নতুন ভ্যাট আইন বাস্তবায়নে কমিশনারেটসমূহের করণীয় (Checklist)ঃ

| ক্রম. নং | কার্যক্রম | বাস্তবায়নের সময়সীমা |
|---|---|---|
| ১। | প্রত্যেক কমিশনারেটের regular return filer-দেরকে আবশ্যিকভাবে পুনঃনিবন্ধিত করতে হবে; | ১৫ জুন, ২০১৭ |
| ২। | দ্রুত পুনঃনিবন্ধন কার্যক্রম সম্পাদনের জন্য কমিশনারেট এবং বিভাগীয় দপ্তরে দল গঠন করতে হবে; | ৭ জুন, ২০১৭ |
| ৩। | করদাতাদের উদ্বুদ্ধকরণে পরামর্শমূলক পরিদর্শন : নতুন ভ্যাট আইনের বিধানসমূহ পরিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং নতুন ভ্যাট আইনের সুবিধাসমূহ করদাতাদের অবহিতকরণের মাধ্যমে তাদের মধ্যে উৎসাহ, উদ্দীপনা সৃষ্টি করতে হবে। এ লক্ষ্যে ক্ষেত্রমত বিভাগীয় কমিশনারদের ও জেলা প্রশাসকদের নেতৃত্বে গঠিত সহায়তা কমিটির সভা আহবান করে সকলের সহায়তা নিতে হবে; | চলমান |
| ৪। | করদাতাদের ভ্যাট ক্যালকুলেশন, হিসাবরক্ষণ, রির্টান দাখিল, পেমেন্ট প্রভৃতি বিষয় অবহিতকরণ, প্রশিক্ষণ প্রদান এবংসার্বক্ষণিক সহায়তা প্রদান করতে হবে; | চলমান |
| ৫। | অনলাইনে দাখিলপত্র পেশ, ভ্যাট সার্ভিস সেন্টারের মাধ্যমে দাখিলপত্র পেশ এবং হার্ডকপি দাখিলপত্র পেশ করার পদ্ধতি করদাতাদের শিক্ষাদানের মাধ্যমে দাখিলপত্র দাখিল করার জন্য করদাতাদের উৎসাহিত করতে হবে; | চলমান |
| ৬। | iVAS এর উপর করদাতাদের প্রশিক্ষণ প্রদানের জন্য কর্মকর্তা নির্বাচিত করে তাকে প্রস্তুত রাখতে হবে; | চলমান |
| ৭। | ১৯৯১ সালের ভ্যাট আইনের সীমাবদ্ধতা এবং ২০১২ সালের ভ্যাট আইনের সফলতার বিষয় করদাতাগণকে অবহিত করতে হবে; নতুন ভ্যাট আইন কিভাবে ব্যবসা-বাণিজ্যের খরচ হ্রাস করবে এবং কাজ সহজীকরণ করবে তা করদাতাদেরকে অবহিত করতে হবে; | চলমান |
| ৮। | নতুন ভ্যাট আইনের আওতায় প্রায়োগিক বিষয়ের উপর করদাতা ও রাজস্ব কর্মকর্তাদের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে; | চলমান |
| ৯। | EUD বা Hardware সমূহ FPT এর নিকট থেকে দ্রুত বুঝে নিতে হবে; | ১০ জুন, ২০১৭ |
| ১০ | Furniture বুঝে নিতে হবে এবং আধুনিক অবয়বের অফিস প্রস্তুত করতে হবে; | ৭ জুন, ২০১৭ |
| ১১ | প্রতিটি কমিশনারেটে Help Desk স্থাপন করতে হবে; | ৭ জুন, ২০১৭ |
| ১২ | ১ জুলাই থেকে Registration এবং ১ আগস্ট থেকে Return এর Hard Copy গ্রহণ এবং তা স্ক্যানিং করে CPC তে প্রেরণের লক্ষ্যে জনবল ও যন্ত্রপাতি প্রস্তুত রাখতে হবে; | ৩০ জুন, ২০১৭ |
| ১৩ | প্রয়োজনীয় লিফলেট, ব্যানার, ফেষ্টুন এবং অন্যান্য সাজসজ্জা দ্বারা Help Desk সজ্জিত করতে হবে; | ৭ জুন, ২০১৭ |
| ১৪। | অভ্যর্থনা কক্ষ সুসজ্জিতকরণ: রেজিস্ট্রেশনের আবেদন ও দাখিলপত্রের Hard Copy গ্রহণ, প্রাপ্তিস্বীকারপত্র প্রদান ইত্যাদির জন্য আলমারীর ব্যবস্থা করতে হবে, যেখানে Hard Copy সাময়িক সংরক্ষিত থাকবে, যার মাস ও দিন/তারিখসহ স্পষ্টাকারে মার্কিং করতে হবে; | ১০ জুন, ২০১৭ |
| ১৫ | Registration ও Return Processing এ কর্মকর্তা পদস্থ করতে হবে, তাদের যথাযথ প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং তাদের বিস্তারিত কর্মবণ্টন করতে হবে;` | ৩০ জুন, ২০১৭ |
| ১৬ | সার্কেল ও বিভাগকে নিবন্ধন, পুনঃনিবন্ধনের লক্ষ্যে প্রয়োজনীয় মনিটরিং, তদন্ত এবং করদাতাদের উৎসাহ প্রদানের কাজে নিয়োজিত করতে হবে; | চলমান |
| ১৭। | টোব্যাকো ব্যতীত অন্যান্য ভ্যাটদাতাদের Account Current এর জের 0 (শূন্য) করার ব্যবস্থা করতে হবে; | ৩০ জুন, ২০১৭ |
| ১৮ | উৎসে ভ্যাট কর্তনকারী এরূপ প্রথম ১০টি মন্ত্রণালয় ও তাদের আওতাধীন সংস্থাকে (স্থানীয় সরকার, সড়ক ও জনপথ, বিদ্যুৎ ও জ্বালানী, শিক্ষা, স্বাস্থ্য, গৃহায়ন ও গণপূর্ত, রেলওয়ে, পাট ও বস্ত্র, ভূমি ও পানিসম্পদ) উৎসে ভ্যাট কর্তন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় আনতে হবে; প্রধানমন্ত্রির কার্যালয়ের গুরুত্বপূর্ণ সংস্থা BIDA, BELA, BEPZA, PPP Authority ইত্যাদির জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম) এবং বৃহৎ করদাতা ইউনিট (ভ্যাট)কমিশনারেট উক্ত প্রশিক্ষণ আয়োজন করবে; পর্যায়ক্রমে | চলমান |

| | | |
|---|---|---|
| | সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থার জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এ বিষয়টি Monitoring এর দায়িত্ব পালন করবেন সদস্য VAT Intelligence & Audit; | |
| ১৯ | Custom House গুলো নতুন ভ্যাট আইনের সফল বাস্তবায়নের লক্ষ্যে Help Desk স্থাপন করবে এবং Importer/Exporter গণকে নতুন ভ্যাট আইনের আওতায় রেজিস্ট্রেশনসহ অন্যান্য পরিপালন বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য ভ্যাট রেজিস্ট্রেশন, রি-রেজিস্ট্রেশন বুথ একাধিক স্থাপন করবে। | ১০ জুন, ২০১৭ |
| ২০ | যে কোনো সমস্যা দ্রুত সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনতে হবে। | চলমান |